| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

মুজিব শতবর্ষ MUJIB 100

## সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৭তম সাধারণ সভার কার্যবিবরণি

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময়: ১৯ সেপ্টেম্বর ২০২১ সকাল : ১১.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

সভার প্রারম্ভে সিলেট-৩ (বালাগঞ্জ-ফেঞ্চুগঞ্জ-দক্ষিণ সুরমা) আসনে নবনির্বাচিত সংসদ সদস্য তথা উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব হাবিবুর রহমান মহোদয়কে উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অত:পর সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-৪৯৪ নং স্মারকে জারীকৃত পরিপত্রে উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% অর্থ 'নারী উন্নয়ন ফোরাম' এর জন্য বরাদ্দ প্রদান এবং পরিষদের ২৫% (যেমন শিক্ষা, কর্মসংস্থান, সাংস্কৃতিক, সচেতনতামূলক এবং অন্যান্য) প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।<br>সিদ্ধান্ত : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা হতে জারীকৃত পরিপত্র প্রতিপালন নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল), বালাগঞ্জ |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | ক. বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থে স্থায়ী কমিটির সভাপতিদ্বয় (সংযুক্ত তালিকা) সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক অনুমোদনের নিমিত্ত উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপস্থাপিত প্রস্তাব/সুপারিশ উপজেলা পরিষদের সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও নির্ধারিত সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় (সংলগ্নী-১)।<br>খ. 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)' এর ৫ম পর্যায়ে দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে বালাগঞ্জ উপজেলা ২০২১-২০২২ অর্থ বছরে দক্ষতা ভিত্তিক বরাদ্দ হিসেবে ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা প্রাপ্ত হয়েছে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউডিএস,জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| | তন্মধ্যে ২০% অর্থ্যাৎ ১০.০০(দশ লক্ষ) টাকা দক্ষতা উন্নয়নমূলক উপ-প্রকল্পে এবং বাকি ৮০% অর্থ্যাৎ ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পে ব্যয়ের নির্দেশনা রয়েছে। প্রাপ্ত নির্দেশনা প্রতিপালন পূর্বক সক্ষমতা বৃদ্ধিমূলক ও অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প সমূহ প্রকল্প বাছাই কমিটিতে যাচাই-বাছাই অন্তে: উপজেলা পরিষদের সাধারণ সভায় নিম্নোক্ত প্রকল্প সমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>**ক) সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প (ভ্যাট ও আয়কর ব্যতিত ১০ লক্ষ)**<br>১.শীতল পাটির গুণগতমান বৃদ্ধিমূলক প্রশিক্ষণ =১,৯১,০০০/-টাকা, ২.উচ্চ মূল্যের ফসল উৎপাদনে কৃষক প্রশিক্ষণ =১,৫৪,০০০/- টাকা, ৩.বেকার যুবকদের আত্মকর্মসংস্থানমূলক প্লাম্বিং প্রশিক্ষণ =১,৭৩,০০০/- টাকা, ৪.মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরী বিষয়ক প্রশিক্ষণ =১,৫১,০০০/- টাকা, ৫.আধুনিক ও বিজ্ঞান ভিত্তিক নিরাপদ মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ =১,৫১,০০০/- টাকা এবং ৬.বেকার যুব ও যুব নারীদের আত্মকর্মসংস্থানমূলক ব্লক-বাটিক ও হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণ =১,৮৬,০০০/- টাকা।<br>**খ) অবকাঠামো উন্নয়নমূলক উপ প্রকল্প (ভ্যাট ও আয়কর ব্যতিত ৪০ লক্ষ)**<br>১.বালাগঞ্জ উপজেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার এবং বালাগঞ্জ বাজারে পাবলিক টয়লেট নির্মাণ প্রকল্প =১৩.০০ লক্ষ, ২.মৈশাষী-অষ্টগ্রাম উচ্চ বিদ্যালয়ে ওয়াশব্লক এবং মাদ্রাসা বাজারে ড্রেন নির্মাণ প্রকল্প =১৪.৫০ লক্ষ এবং ৩.বোয়ালজুড় ও বাংলা বাজারে মার্কেট সেড এবং কালিবাড়ি বাজারে ড্রেন নির্মাণ প্রকল্প =১২.৫০ লক্ষ<br>সিদ্ধান্ত : উপস্থাপিত প্রকল্প সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও নির্ধারিত সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর সেপ্টেম্বর/২০২১ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনে পানির নতুন ট্যাংকি স্থাপন এবং পুরাতন পানির লাইন সংস্কার বাবাদ =১৫,১২০/-(পনের হাজার একশত বিশ) টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যানের টেবিলে গ্লাস সরবরাহ বাবদ =৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যানের টেবিল সরবরাহ বাবদ =৪১,৫০০/-(একচল্লিশ হাজার পাঁচশত) টাকা, আনসার সদস্যদের ব্যবহারের জন্য চৌকি সরবরাহ বাবাদ =৭,২০০/-(সাত হাজার দুইশত) টাকা, মুজিব বর্ষে গৃহহীন ও ভূমিহীন পরিবারকে গৃহ প্রদান অনুষ্ঠানে ব্যয় বাবদ =৮,০০০/-(আট হাজার) টাকা, ০৫ এবং ১৫ আগস্ট উদযাপন বাবদ =১৪,২০০/- (চৌদ্দ হাজার দুইশত) টাকা, টেবিল সরবরাহের ভ্যাট ও আয়কর বাবদ =৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা, জনাব হেলাল আহমদ, জীপ চালককে উপজেলা পরিষদের গাড়ী মেরামত বিল বাবদ =৩৭,১৩৬/- (সাঁইত্রিশ হাজার একশত ছত্রিশ) টাকা, উপজেলা পরিষদ জীপগাড়ী মেরামতের ভ্যাট ও আয়কর বাবদ =৫,০৬৪/-(পাঁচ হাজার চৌষট্টি) টাকা, জনাব হেলাল আহমদ, জীপ চালককে উপজেলা পরিষদের গাড়ীর জ্বালানী বাবদ =২২,৫৯৭/-(বাইশ হাজার পাঁচশত সাতানব্বই) টাকা, উপজেলা পরিষদ জীপগাড়ী মেরামতের ভ্যাট ও আয়কর বাবদ =১,৯৬৫/-(এক হাজার নয়শত পঁয়ষট্টি) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| বিবিধ | ক) উপজেলা প্রকৌশলী সভায় সারা দেশের ন্যায় বাজার অবকাঠামো শীর্ষক প্রকল্পের (CRMIDP) আওতায় বাস্তবায়নের নিমিত্ত বালাগঞ্জ উপজেলায় একটি বাজার নির্ধারণের জন্য অনুরোধ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল) |

| | |
|---|---|
| | সিদ্ধান্ত : বাজার অবকাঠামো শীর্ষক প্রকল্পের (CRMIDP) আওতায় বাস্তবায়নের নিমিত্ত বালাগঞ্জ উপজেলায় মাদ্রাসা বাজারের প্রস্তাব সভায় অনুমোদন করা হয়।<br>খ) উপজেলা পরিষদে প্রায়শ: ভিআইপি আগমন করে থাকেন। উপজেলা পরিষদে ব্যবহারের জন্য কোন সোফা সেট নেই। উপজেলা পরিষদে ব্যবহারের জন্য উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দুই সেট সোফা সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা প্রতিপালন পূর্বক আসবাবপত্র মেরামত ও সরবরাহ খাত হতে দুই সেট সোফা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। |

**চেয়ারম্যান, বোয়ালজুড় ইউপি** সিলেট-৩ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য কে অভিনন্দন জানিয়ে বলেন শীতলপাটির বালাগঞ্জ আজ নানাবিধ সমস্যায় জর্জরিত, অবহেলিত ও অনুন্নত জনপদে পরিণত হয়েছে। নবনির্বাচিত সংসদ সদস্য উন্নয়নের মাধ্যমে শীতলপাটির বালাগঞ্জ এর অতীত ঐতিহ্য ফিরিয়ে বালাগঞ্জকে একটি আধুনিক ও উন্নত জনপদে রূপান্তরের আশাবাদ ব্যক্ত করেন।

**চেয়ারম্যান, বালাগঞ্জ ইউপি** সভায় বড়ভাগা সেতুটি তিনটি ইউনিয়নের যোগাযোগের সংযোগ স্থল হওয়ায় সেতুটি জরুরী ভিত্তিতে নির্মাণের জন্য মাননীয় সংসদ সদস্যকে সভায় অনুরোধ করেন।

**চেয়ারম্যান, পশ্চিম গৌরীপুর ইউপি** তাঁর ইউনিয়নে বাংলা বাজার-আতাসন রাস্তায় মাটি ভরাট, বাংলা বাজার ব্রীজ, বাংলাবাজার ওসমানীগঞ্জ রাস্তা এবং দুটি কালভার্ট নির্মাণের জন্য মাননীয় সংসদ সদস্যকে অনুরোধ করেন।

**চেয়ারম্যান, পূর্ব পৈলনপুর ইউপি** মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে তাঁর ইউনিয়নে কুশিয়ারা ডাইকের রাস্তা, নদী ভাঙ্গনের কবল থেকে রক্ষার অনুরোধ করেন।

**উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মো: সামস উদ্দিন সামস** মাননীয় সংসদ সদস্য কে সভার পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি বলেন বালাগঞ্জ উপজেলা নানাবিধ সমস্যায় জর্জরিত বিশেষ করে পুর্ব পৈলনপুর ইউনিয়নের যোগাযোগ ব্যবস্থা খুবই খারাপ। মাননীয় সংসদ সদস্য বালাগঞ্জ এর সার্বিক উন্নয়নে ভূমিকা রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

**মাননীয় সংসদ সদস্য তথা উপদেষ্টার বক্তব্য :** মাননীয় সংসদ সদস্য সভায় তিনি সিলেট-৩ আসনের সংসদ নির্বাচিত হওয়ায় কর্মকর্তা, জনপ্রতিনিধি, সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, সর্বোপরি এ এলাকার জনগণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বালাগঞ্জ উপজেলাকে একটি নান্দনিক উপজেলায় রূপান্তর করতে চান। তিনি কুশিয়ারা নদীর উপর ব্রীজ, বড়ভাগা সেতু নির্মাণ, বালাগঞ্জ-পূর্ব পৈলনপুর খসরুপুর জিসি সড়ক, নদী ভাঙ্গন রোধ সহ বালাগঞ্জ উপজেলার প্রতিটি এলাকার সার্বিক উন্নয়নের বিষয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি ইউনিয়ন পরিষদে বরাদ্দ ও বিতরণে মাননীয় প্রধানমন্ত্রীর নাম সম্বলিত ব্যানার ব্যবহারের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি বিভিন্ন বিভাগে শূণ্যপদ পূরণের আশ্বাস দেন। মাননীয় সংসদ সদস্য বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি সিলেট-৩ আসনের নবনির্বাচিত মাননীয় সংসদ সদস্যকে উপজেলা পরিষদের পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি উপজেলা কমিটির সভা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। উপজেলা পরিষদের সাধারণ সভাকে কার্যকর করতে সকল বিভাগের কর্মকর্তাদের সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক পরিস্থিতি মোকাবেলা ও উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
বালাগঞ্জ উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৩৭৭(৫০)

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। কমিশনার, সিলেট বিভাগ

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

০৪। জেলা প্রশাসক, সিলেট

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট

০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট

০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

০৩। জনাব...........................................................................

১৯।০৯।২০২১

( রোজিনা আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট।
☎ ০২৯৯৬৬৪৪৯৬৫

২০/১২/২১

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ১৬/০২/২২ | ১৪/৫/2022 | ১৬/০৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | [signature] | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাকুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | upz chm. [signature] | [signature] | | | | |
| ০৩. | জনাব মো: সামছ উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব দৈলনপুর ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] ২০/১২/২১ | [signature] ১৬/০২/২২ | [signature] 14.02.22 | [signature] ১৬/০৬/২২ |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোয়ালজুড় ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ান বাজার ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] | | [signature] | [signature] |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | [signature] 19-09-2021 | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | [signature] 19.09.21 | [signature] | | [signature] 20.11.21 | [signature] 13.02.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ১৯/০৯/২০২১ | [signature] ২১/১০/২০২১ | [signature] ২২/১১/২০২১ | [signature] ২০/১২/২০২১ | [signature] ১৬/০২/২০২২ | [signature] ১৪/০৫/২২ | [signature] ১৬/০৬/২২ |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৬/০৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] ২৪/২/২০২২ | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | — | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] | [signature] | — | [signature] | [signature] | [signature] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [signature] | [signature] | [signature] | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ১৫. | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০১/২০২২ | [illegible] | [illegible] | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ১৬/০১/22 | ১৪/২/২০২২ | ১৪/ 06/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা– | [signature] | [signature] | | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা– | [signature] | [signature] | | [signature] | [signature] | | | [signature] |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার: | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২০. | তথ্য সেবা কর্মকর্তা– | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা– | | | | | | | | |